

## কাতারের নাগরিকদের ভিসামুক্ত ভ্রমণের অনুমতি দিলো যুক্তরাষ্ট্র

- A Monitor Desk Report

Date: 26 September, 2024



**দোহা:** কাতারের নাগরিকদের ভিসামুক্ত ভ্রমণের অনুমতি দিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। মঙ্গলবার ( ২৪ সেপ্টেম্বর) ইউএস ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি এবং ডিপার্টমেন্ট অফ স্টেটের এক বিবৃতিতে এই ঘোষণা দেয়া হয়।

নতুন নিয়মটি ১ ডিসেম্বর থেকে কার্যকর হবে। এরপর থেকে কাতারের যেকোনো নাগরিক পর্যটন বা ব্যবসায়িক উদ্দেশ্যে ভিসা ছাড়াই ৯০ দিন পর্যন্ত যুক্তরাষ্ট্রে থাকতে পারবে। সে হিসেবে কাতারই হলো প্রথম উপসাগরীয় দেশ, যাদেরকে ভিসা ছাড়া মার্কিন যুক্তরাষ্ট্র ভ্রমণের অনুমতি দেয়া হয়েছে। তবে ভিসামুক্ত ভ্রমণের জন্য ওয়াশিংটন দেশটিকে সন্ত্রাস দমন, আইন প্রয়োগ, অভিবাসন প্রয়োগ, নথির নিরাপত্তা এবং সীমান্ত ব্যবস্থাপনার মতো বিষয়গুলোর প্রয়োজনীয়তা পূরণ করার তাগিদ দিয়েছে।

ভিসামুক্ত ভ্রমণের অনুমোদন পূরণ হলে কাতার হবে এই নীতির অন্তর্ভুক্ত ৪২তম সদস্য। এর আগে ২০২১ সালে ক্রোয়েশিয়া এবং গত বছর ইসরাইলকে এই নীতির অন্তর্ভুক্ত করা হয়েছে।

কাতারবাসীরা যেভাবে ভিসামুক্ত ভ্রমণের সুবিধা পাবে, একইভাবে কাতারও মার্কিনদেরকে ভিসামুক্ত ভ্রমণের সুবিধা প্রদান করবে।

ক্ষুদ্র উপসাগরীয় দেশটি গাজা যুদ্ধের বিষয়ে হামাস এবং ইসরাইলি কর্মকর্তাদের মাঝে মধ্যস্থতা আলোচনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। তাদের মধ্যস্থতায় চলমান গাজা যুদ্ধে বন্দীবিনিময় সম্ভব হয়েছে।

এক মার্কিন প্রশাসনিক কর্মকর্তা সাংবাদিকদের বলেছেন, কাতারের সাথে মার্কিন যুক্তরাষ্ট্রের একটি শক্তিশালী প্রতিরক্ষা সম্পর্ক রয়েছে। এছাড়া তালেবানকে মানবাধিকারের উপর চাপ দেয়ার এবং সুদানে সহায়তা প্রদানে নেতৃত্ব দেয়ার জন্যও যুক্তরাষ্ট্র দোহার ভূমিকার প্রশংসা করে।

বিবৃতিতে বলা হয়েছে, সন্ত্রাসবাদ এবং গুরুতর অপরাধের বিষয়ে তথ্য আদান-প্রদানে অংশীদারিত্বসহ কাতার সকল কর্মসূচির প্রয়োজনীয়তা

পূরণে উল্লেখযোগ্য সরকারী প্রচেষ্টা ঘোষণা করেছে।

**-B**